দৈনিক ইত্তেফাক

তারিখ AUG 19 1999
পৃষ্ঠা ৭ কলাম ১

74

# বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন

গভঃ রেজিঃ নং এস-১০২৮/৯৮
ফোন ঃ ৪১৪৯৬২, ৯১১৮৯০২, ৮৩৯৫৭৭

## জরুরী বিজ্ঞপ্তি

বাংলাদেশের সকল কিন্ডারগার্টেন, প্রি-ক্যাডেট, প্রিপারেটরী, নার্সারী ও সমমানের শিক্ষা প্রতিষ্ঠান সমূহের অধ্যক্ষ/পরিচালক বৃন্দের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় বিগত ০২/০৮/৯৯ তারিখে দৈনিক ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত এক বিজ্ঞপ্তির মাধ্যমে সকল বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানকে রেজিস্ট্রেশন গ্রহণের নির্দেশ জারি করেছেন এবং আগামী ৩১শে আগষ্ট ৯৯ এর মধ্যে আবেদন পত্র জমা দিতে বলা হয়েছে। এমতাবস্থায় বাংলাদেশের সকল বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠান সমূহের প্রতিনিধিত্বকারী প্রতিষ্ঠান বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন দেশের সকল কিন্ডারগার্টেন ও সমমানের শিক্ষা প্রতিষ্ঠান সমূহের রেজিস্ট্রেশন প্রক্রিয়ায় পূর্ণ সহযোগিতাদানের লক্ষ্যে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে।

১। ঢাকা মহানগরী এলাকায় নিম্নবর্ণিত স্থান সমূহে আগামী ২৩ ও ২৪শে আগষ্ট '৯৯ এর মধ্যে বিকাল ৩টা থেকে ৭টা পর্যন্ত কেন্দ্রীয় নেতৃবৃন্দ উপস্থিত থেকে- (ক) আবেদন পত্রের নমুনা কপি (খ) আবেদন পত্র পূরণের প্রয়োজনীয় পরামর্শ (গ) রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার হেড ইত্যাদি বিস্তারিত অবহিত করণসহ বিনা মূল্যে ফরম বিতরণ করা হবে।

* উত্তরা, টঙ্গী, গুলশান, বাড্ডা, ক্যান্টনমেন্ট থানা- স্থান ঃ মুন পাবলিক স্কুল, সেক্টর-৪, রোড নং-৪, বাড়ী নং-৯, উত্তরা, ঢাকা।
* খিলগাঁও, সবুজবাগ, মতিঝিল, রমনা থানা- স্থান ঃ সেন্ট্রাল কিন্ডারগার্টেন, ১৩, মধ্য বাসাবো, ঢাকা।
* ধানমন্ডী, মোহাম্মদপুর, মিরপুর, পল্লবী, কাফরুল থানা - স্থানঃ রেনেসাঁ প্রি-ক্যাডেট স্কুল, ১০-সি, ১৯/৫, মিরপুর, ঢাকা।
* সূত্রাপুর, কোতয়ালী, লালবাগ, থানা-স্থানঃ ঢাকা প্রি-ক্যাডেট এন্ড হাইস্কুল, ৪/১/এ, জিন্দাবাহার লেন, নয়া বাজার, ঢাকা (হাসনাত সাহেবের বাড়ী)।

২। ঢাকার বাইরে নিম্নোক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে আগামী ২৩ ও ২৪শে আগষ্ট ৯৯ এর মধ্যে আবেদন পত্রের নমুনা ও বিস্তারিত নিয়মাবলী সংগ্রহ করে ৩১ শে আগষ্ট ৯৯ এর মধ্যে স্ব-স্ব বিভাগীয় পরিচালক প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বরাবরে আবেদন পত্র জমা দিতে হবে।

* পাবনা ঃ ক্রিসেন্ট কিন্ডারগার্টেন, সাথিয়া, পাবনা। * বগুড়াঃ এম,এইচ, মডেল কিন্ডারগার্টেন, কটন মিল রেষ্ট, হাউস কলেজ রোড, বগুড়া * রংপুরঃ আল-মদিনা ইনষ্টিটিউট, ধাপ, রংপুর * দিনাজপুরঃ সেন্ট্রাল কিন্ডারগার্টেন এন্ড প্রি-ক্যাডেট স্কুল, ফয়েজ ভবন, ষষ্ঠী তলা, দিনাজপুর * সেতাবগঞ্জ ঃ আইডিয়াল কিন্ডারগার্টেন, সেতাবগঞ্জ, দিনাজপুর * ঠাকুরগাঁওঃ কনসেন্ট প্রি-ক্যাডেট স্কুল, ঘোষ পাড়া, ঠাকুরগাঁও * কিশোরগঞ্জ ঃ সান ফ্লাওয়ার কিন্ডারগার্টেন, পুরান থানা, কিশোরগঞ্জ * ফেনী ঃ শাহীন একাডেমী, ফেনী *পটুয়াখালীঃ রশিদ কিশলয় কিন্ডারগার্টেন, সার্কিট হাউজ রোড, পটুয়াখালী * মংলা ঃ সেন্ট এন্থোনিস টিউটরিয়াল, মংলা, বাগেরহাট।

আপনার অবগতির জন্য আরো জানানো যাচ্ছে যে, আগামী ১৪ ও ১৫ই ডিসেম্বর ৯৯ কিন্ডারগার্টেন বৃত্তি পরীক্ষা ৯৯ অনুষ্ঠিত হবে। আগামী ৩১ শে অক্টোবর ৯৯ এর মধ্যে আবেদন পত্র মহাসচিব বরাবরে জমা দিতে হবে। বৃত্তির আবেদন পত্র ও নীতিমালা যথা সময়ে সংশ্লিষ্ট সকল স্কুলে প্রেরণ করা হবে।

| | | |
|---|---|---|
| এ,বি,এম, শামসুদ্দীন<br>চেয়ারম্যান | ইউসুফ আলম<br>ভাইস-চেয়ারম্যান | হাবিবুর রহমান<br>মহাসচিব |